১৮৩

ভোরের কাগজ

তারিখ 28 NOV 1997
পৃষ্ঠা ১২ কলাম ৫

আদালতের রায়

# কুমিল্লা বোর্ডের ৪ হাজার পরীক্ষার্থীর বাতিলকৃত ফলাফল প্রকাশের নির্দেশ

নাসির উদ্দিন, কুমিল্লা থেকে : আদালত গতকাল কুমিল্লা বোর্ডের ৪ হাজার পরীক্ষার্থীর বাতিলকৃত ফলাফল প্রকাশ ও সার্টিফিকেট ইস্যুর জন্য বোর্ড কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। এ সংক্রান্ত একটি মামলার শুনানি শেষে কুমিল্লার সিনিয়র সহকারী জজ আদালত এ রায় প্রদান করে।

এবারের এইচএসসি পরীক্ষায় অবৈধভাবে অংশগ্রহণের অভিযোগে বোর্ড কর্তৃপক্ষ এসব ছাত্রের ফলাফল ইতিপূর্বে বাতিল করেছিল। গত ১০ নভেম্বর পরীক্ষার্থীদের পক্ষে ১৮ জন বাদি হয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, সচিব ও পরীক্ষা নিয়ন্ত্রককে বিবাদি করে সিনিয়র সহকারী জজ রেজা তারিক আহমদের আদালতে একটি মামলা দায়ের করে। গতকাল উভয়পক্ষের শুনানি শেষে বিজ্ঞ আদালত এ রায় প্রদান করে। আদালতের রায়ে বলা হয়, বিবাদিদের পেশকৃত দরখাস্ত রক্ষণীয় নয় বলে তা নামঞ্জুর করা হলো। বিবাদিপক্ষের জবাব দাখিলের সময় প্রার্থনার আবেদনও আদালত না মঞ্জুর করে।

বাদি পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট আনোয়ার হোসেন ও শেখ নূরুল ইসলাম। বিবাদি পক্ষে ছিলেন এডভোকেট আবদুল মোত্তালেব।